REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴১৹ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

২৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৭ই আশ্বিন বুধবার ১৩৪৩ ইংরাজী 23rd September 1936 | ১৯শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪২ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৶৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

পূ-জা-র বি-পু-ল আ-য়ো-জ-ন

গ্রামোফোন
মেসিন



॥
রেকর্ড
ও
নানাবিধ সরঞ্জাম

সকল রকম গ্রামোফোন মেসিন ও রেকর্ড পাইবেন।

ডি, পি, গাঙ্গুলী
জঙ্গিপুর এজেন্সী
রঘুনাথগঞ্জ — চাউলপটী।

## স্যাঙো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ
গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲ ; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

রজতশুভ্রী
## আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে সম্পূর্ণ বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্ব্বেদীয়
ঔষধ প্রাপ্তির ও চিকিৎসার বিশ্বাসযোগ্য
প্রতিষ্ঠান।
(স্থাপিত—সন ১৩৩২ সাল)

ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠাতা ও চিকিৎসক—
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি-এ, কবিরত্ন
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

একশত একরে চাষ করিবার মত নেপিয়ার ঘাসের কর্ত্তিত অংশ সরবরাহ করা হইবে বলিয়া স্থির হইয়াছে। এই সমস্ত জেলা হইতে পরে অন্য জেলায় নেপিয়ার ঘাসের চাষ বিস্তৃত করা হইবে। প্রথমতঃ নেপিয়ার ঘাসের প্রচলন করিবার জন্য খরচ পড়িবে দশ হাজার টাকা। গোজাতি ও তাহাদের খাদ্যের উন্নতির জন্য যে দ্বিবার্ষিক পরিকল্পনা করা হইয়াছে তাহার মোট আনুমানিক ব্যয় এক লক্ষ নব্বই হাজার টাকা দাঁড়াইবে। ভারত সরকারের সাহায্য হইতে উহার জন্য এক লক্ষ পঁচাত্তর হাজার টাকা পাওয়া যাইবে।

গ্রামে ভাল জাতের মুরগী যাহাতে বাড়িতে পারে তাহার জন্যও একটী পরিকল্পনা করা হইয়াছে। পূর্ব্বোক্ত দশটী জেলার প্রত্যেকটীতে ২০টী করিয়া উৎকৃষ্ট জাতের মুরগী গ্রামে বিতরণ করা হইবে। গ্রামের নিকৃষ্ট মোরগ কিন্তু রাখা চলিবে না। মুসলমান সম্প্রদায় বিশেষভাবে এ পরিকল্পনা সম্বন্ধে উৎসাহী বলিয়া জানা গিয়াছে।

ইতিমধ্যে কোন্ কোন্ গ্রামে ভাল জাতের মুরগী বিতরিত তাহার তালিকা সম্পূর্ণ করিয়া এপ্রিল মাস হইতে বিতরণ সুরু হইয়া গেছে। গোজাতির উন্নতির জন্য নির্ব্বাচিত জেলাগুলির জন্য জেলাবোর্ড সমূহও বার্ষিক ৭৫০৲ হইতে ১,০০০৲ টাকা উক্ত পরিকল্পনা কার্য্যে পরিণত করিবার সাহায্যস্বরূপ দিতে স্বীকৃত হইয়াছে। নোয়াখালি, ত্রিপুরা, ও ফরিদপুরে বৃষগুলির ভার যাহাদের উপর দেওয়া হইবে তাহাদের নির্ব্বাচন সমাপ্ত হইয়াছে। মালদা, রাজসাহী, মুর্শিদাবাদ, নদীয়া ও ঢাকায় একশত জনের ভিতর পঁচাত্তর জন করিয়া নির্ব্বাচিত হইয়াছে।

সুচিকিৎসার ব্যবস্থার অভাবও যে আমাদের গ্রামগুলির বর্ত্তমান দুর্দ্দশার অন্যতম প্রধান কারণ, সর্ব্বাঙ্গীন পল্লী-উন্নয়নের পরিকল্পনায় তাহা ভুলিলে চলে না। বাঙ্গালার স্বয়ত্ত-শাসন বিভাগ হইতে তাই ২৪টী জেলায় ১৩৯টী ইউনিয়ন বোর্ড ডিস্পেন্সারী স্থাপনের জন্য এক লক্ষ আটষট্টি হাজার টাক. মঞ্জুর করা হইয়াছে। পূর্ত্ত-বিভাগের প্রধান ইঞ্জিনিয়ারের প্ল্যান অনুযায়ী করোগেটের চাল ও পাকা দেওয়াল দিয়া ডিস্পেন্সারীগুলি নির্ম্মিত হইবে। প্রত্যেকটী ডিসপেন্সারী গৃহ নির্ম্মাণের জন্য আনুমানিক ব্যয় হইবে ১,১০০৲ টাকা। যন্ত্রপাতি, ঔষধপত্র ও আসবাব প্রভৃতির জন্য ব্যয় হইবে প্রায় ৫০০৲ টাকা। কাছাকাছি ভাল পানীয় জলের ব্যবস্থা না থাকিলে ২০০৲ টাকা আন্দাজ খরচ করিয়া টিউব-ওয়েল বসান হইবে। ডিসপেন্সারীগুলি স্থাপনের পর তাহার চলতি খরচ স্থানীয় অধিবাসীরা বহন করিবার সর্ত্তেই এই সাহায্য করা হইবে। চলতি খরচ প্রত্যেক ডিসপেন্সারীর পিছনে বৎসরে আটশত টাকার বেশী হইবার কথা নয়।

যে সমস্ত স্থানের লোক ডিসপেন্সারী স্থাপনে নারাজ সেখানকার বরাদ্দ টাকা জলকষ্ট নিবারণের জন্য ব্যয়িত হইবে। পল্লীর জলসরবরাহের ব্যবস্থার উন্নতির জন্য ১,৪৬,১২৫৲ টাকা ইতিপূর্ব্বেই মঞ্জুর হইয়াছে। এই দিক হইতে সাহায্য পাওয়ার পর জলকষ্ট নিবারণের জন্য মঞ্জুর টাকার পরিমাণ প্রায় দুই লক্ষ পঁচাত্তর হাজার টাকায় দাঁড়াইবে।

নিম্নে কোন জেলায় কতগুলি ডিসপেন্সারী স্থাপিত হইবে ও জেলা পিছু বরাদ্দের পরিমাণ কত তাহার বিবরণ দেওয়া হইল:—

| জেলা। | ডিসপেন্সারী সংখ্যা। | বরাদ্দ পরিমাণ। টাকা। |
|---|---|---|
| ১। ঢাকা | ২৫ | ৯,০০০৲ |
| ২। পাবনা | ৬ | ৮,৪০০৲ |
| ৩। খুলনা | ৩ | ২,৬০০৲ |
| ৪। মালদা | ৩ | ৫,১০০৲ |
| ৫। বগুড়া | ২ | ৩,৪৫০৲ |
| ৬। মুর্শিদাবাদ | ২ | ২,৮০০৲ |
| ৭। নদীয়া | ২ | ২,৯০০৲ |
| ৮। বাঁকুড়া | ৩ | ৫,৪০০৲ |
| ৯। ফরিদপুর | ৪ | ৪,৯৫০৲ |
| ১০। হাওড়া | ২ | ৩,৬০০৲ |
| ১১। বাখরগঞ্জ | ৬ | ৯,৩০০৲ |
| ১২। যশোহর | ২ | ২,১০০৲ |
| ১৩। নোয়াখালি | ৩ | ৫,০০০৲ |
| ১৪। রাজসাহী | ৪ | ৭,২০০৲ |
| ১৫। দিনাজপুর | ৬ | ১০,৮০০৲ |
| ১৬। চট্টগ্রাম | ৫ | ৯,০০০৲ |
| ১৭। রংপুর | ৬ | ৯,৩৫০৲ |
| ১৮। ময়মনসিংহ | ২৪ | ২৩,৬৫০৲ |
| ১৯। হুগলী | ৩ | ৪,৪৫০৲ |
| ২০। বর্দ্ধমান | ৭ | ৯,৯৫০৲ |
| ২১। বীরভূম | ৬ | ৮,৫০০৲ |
| ২২। জলপাইগুড়ি | ৮ | ১০,৩২০৲ |
| ২৩। ২৪ পরগণা | ২ | ৩,০০০৲ |
| ২৪। ত্রিপুরা | ৫ | ৭,৪০০৲ |
| মোট— | ১৩৯ | ১,৬৮,২২০৲ |

---

## নীলামের ইস্তাহার।

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।
### নীলামের দিন ২৫শে সেপ্টেম্বর ১৯৩৬।

১১৬৭ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং সত্যনারায়ণ ভকত দাবি ১৬/৩ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ৫৩ শতকের কাত ১।৶০ আঃ ৩৲ খং ২৮৫

১১৬৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি দেওয়া নাই ঐ মৌজাদি মধ্যে ৭২ শতকের কাত ৩৶০ আঃ ৫৲ খং ২৮৪ রায়ত স্থিতিবান।

১২৪০ থাং ডিঃ মহারাজ যোগীন্দ্রনারায়ণ রায় সি, আই ই, পক্ষে কোর্ট অফ ওয়ার্ডসের ম্যানেজার উপেন্দ্রকুমার গুহ নিয়োগী দেং শচীন্দ্রনাথ রায় দীং দাবি ২৪৪৷৴৯ থানা সমসেরগঞ্জ মৌজে সেখালীপুর দীং মুর্শিদাবাদ কালেক্টরীর ৪৩২ নং তৌজির মহাল জমা ৫০৲ আঃ ২০০৲

১৫৩৬ থাং ডিঃ কমলারঞ্জন ধর দীং দেং রামচন্দ্র সাহানা দীং দাবি ২৩৪৮/৯ থানা সাগরদীঘি মৌজে বিষ্ণুপুর মধ্যে ১৯/২৮ বিঘার কাত ৩৮॥১৭॥ আঃ ১০০৲ খং ২৯৭

১২৩৬ থাং ডিঃ বসন্তকুমার ঘোষ দীং দেং এসাহাক সেখ দীং দাবি ২৫৶১০ থানা সমসেরগঞ্জ মৌজে বীরকেন্দুয়া ১-২০ শতকের কাত ১।৫ আঃ ১০৲ খং ৬৭

---

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুনসেফী আদালত।
### নীলামের দিন ১৮ই নভেম্বর ১৯৩৬।

১২৩৯ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং হিমাইত মিস্ত্রী দীং দাবি ৭৮॥৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে একবরপুর ৬/৪৮ বিঘার কাত ১১৮/৩ আঃ ২০৲

---

### চৌকি জঙ্গিপুর প্রথম মুনসেফী আদালত।
### নীলামের দিন ২০শে নভেম্বর ১৯৩৬।

১০৭৮ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং খগেশ্বর সাহা দাবি ৫০।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে একবরপুর ১-৪৭ শতকের কাত ৮।৶৩ আঃ ২০৲

---

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।
### নীলামের দিন ২১শে নভেম্বর ১৯৩৬।

৮৬১ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং মৃত মথুর মণ্ডলের ওয়ারীশ যজ্ঞেশ্বরী মণ্ডলানী দাবি থানা রঘুনাথগঞ্জ মৌজে ফ্রেজারনগর ১৯।২৶০ বিঘার কাত ২৮৮/৩ আঃ ২৫৲

---


## গোপাল নাট্য-মন্দির

যুগান্তকারী নাটক

# সীতা

## সীতা

## সীতা

নাট্য-জগতে যে নবযুগ আনয়ন করিয়াছে তাহারই প্রতীকরূপে

**২৪শে আশ্বিন শনিবার**

অভিনীত হইবে।

এখন হইতেই টিকিট বিক্রয় ও সীট রিজার্ভ হইতেছে।

প্রাপ্তিস্থান:—পণ্ডিত প্রেস, কালিকা ফার্ম্মেসী, দেশবন্ধু পাঠাগার।


---


## সস্তায় রবার ষ্ট্যাম্প।

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্‌ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


---


## মুর্শিদাবাদ সিল্ক।

বাংলার রেশম শিল্পের পুনরুদ্ধারের উদ্দেশ্যে আমরা গভর্ণমেন্ট সহযোগীতায় নানা রকম রেশম সুত্র প্রস্তুত করিয়া বিদেশী রেশমের প্রতিযোগিতায় বিক্রয় করিতেছি। আমাদের রেশম অতি উৎকৃষ্ট ও সুলভ।

আমাদের রেশমজাত নিজ তাঁতে প্রস্তুত বহু রকমের সাড়ী, থান, গাউন-পিশ, সাটিন থান, সাটিং সুটীং আমাদের ঘরে মজুত আছে। সুন্দর সুন্দর ডিজাইনের ছাপা সাড়ী সুলভে পাইবেন। অর্ডার দিলে ভি, পি, তে মাল পাঠান হয়।

মানিরুদ্দিন আহাম্মদ এণ্ড কোং
জঙ্গিপুর, মুর্শিদাবাদ।



ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য
সংরক্ষণের অভিনব
প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্মত আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্ম-জনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
**রেডিয়ম ল্যাবরেটরী**
কলিকাতা।
ফোন—৩০৭২ বি, বি।

সোল এজেন্টস্—
**বসাক ফ্যাক্টরী**
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

---

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

এখানে মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




### সার্জ্জারী জগতে যুগান্তর।

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মুল্য প্রতি শিশি ১৲, ডজন ১০৲ মাত্র।

**দামোদর সুধা** — ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্তশ্লেষ্মার জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। মূল্য ॥৴০ প্লীহার মালিষ সমেত ১৲

### ভাইট্যালী—জীবনীশক্তিবর্দ্ধক!

ইহা সেবনে—প্রমেহজনিত স্নায়বিক দৌর্ব্বল্য, মাথাঘোরা, শারীরিক শীর্ণতা, অম্ল, অজীর্ণ, প্রস্রাবের দোষ, বহুমূত্র, দুঃস্বপ্ন, অর্শ, এবং স্ত্রীলোকদিগের বাধক, শ্বেত ও রক্তপ্রদর এবং সূতিকা প্রভৃতি আরোগ্য হয়। মূল্য ১৲ মাত্র। ১ শিশিতে প্রায় ১ মাসের ঔষধ থাকে।

প্রাপ্তিস্থান **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

সন ১৩৪৩ সালের ক্যালেণ্ডার বিনামূল্যে বিতরিত হইতেছে

---

### হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।
সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৴০, ২০০ প্রতি ড্রাম ৴৫ মাত্র।
উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ৵০ কমিশন বাদ।
প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপটি, (মুর্শিদাবাদ)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

স্নিগ্ধ ও তৃপ্তিকর

## জবা কুসুম

কেশ তৈল



চুলের গোড়া শক্ত করিয়া চুলের শ্রী বৃদ্ধি করিতে, মাথা ঠাণ্ডা রাখিতে, অনিদ্রা ও শ্রান্তি দূর করিয়া চিত্তে প্রসন্নতা দান করিতে, "জবাকুসুম" আজিও অদ্বিতীয়।

**সি, কে, সেন এণ্ড কোং, লিঃ**
২৯নং কলুটোলা ষ্ট্রীট কলিকাতা



## অশোকা

সকল প্রকার স্ত্রীরোগের মহৌষধ। অশোকা সেবনে অনিয়মিত রজঃস্রাব, জরায়ুর প্রদাহ, শিরোঘূর্ণন ও অনিদ্রা প্রভৃতি উপসর্গ শীঘ্রই প্রশমিত হয়

সি. কে. সেন এণ্ড কোং
লিমিটেড
কলিকাতা

### সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ

ম্যালেরিয়া, সবিরাম, অবিরাম, পালাজ্বর প্রভৃতি যাবতীয় জ্বরের অব্যর্থ ও পরীক্ষিত মহৌষধ একজন বহুদর্শী বিশেষজ্ঞের আবিষ্কার।



## সি.কে.এস পল্টন মার্কা ফিভার মিক্‌শ্চার

সি.কে.সেন এণ্ড কোং লিঃ
কলিকাতা।

---

# সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
**শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ, এফ.সি.এস (লণ্ডন)**
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চঃ—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনসুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *
লণ্ডন এজেন্সি—হাই-হলবরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲